# উষ্ণতার অভিযোগ

–দেবজ্যোতি আচার্য্য

পৃথিবীটা আরেকটু উষ্ণ হতে পারতো..
উষ্ণ হতে পারতো অজুহাতের দাঁড়িপাল্লা
ছেঁড়া স্ট্রিংয়ে বাঁধানো সুর বার বার তালচ্যুত হয়
আঁচড়ে কমে স্বপ্নের অমরত্বের দাবি..
বসন্ত কমে আমার গানে
বাড়ে ক্লোরোফর্ম মাখা নিস্তব্ধনা প্রতিটি
শিরাউপশিরায়.
কোনো অপরিচিত অভিযানে

পৃথিবীটা আরেকটু উষ্ণ হতে পারতো..
উষ্ণ হতে পারতো বড়োদের সহজে এডপ্ট করা দৃষ্টিভঙ্গি
আমি তার সিদ্ধান্তের প্রান্তে একশুকনো পাতা
তাই হটাৎ করে সানগ্লাসে বাড়ে চুখ
ঘুমের সেলামিতে
অপেক্ষায় কোনো সূর্যের মুখ..
পাখিদের কোলাহলে গুঁজে যায় আমার অস্তিরতা

পৃথিবীটা আরেকটু উষ্ণ হতে পারতো..
উষ্ণ হতে পারতো সিলেবাসে রাখা নিয়ম
আমার থালায় তখন নিন্দা এবং বৈরিতার
কুফলে ঠেকানো স্মৃতি
সাত বাই সাত কবরে নিঃশাস হারায়
প্রাচীর ভেদের অসফল ক্লান্ত চেষ্টায়
ক্যালেন্ডারের মাথা মুড়ায়
লোহার বর্বরতায় সে জলে ভাসে
নাবিকের কুন্ঠা শুনে সেও পাল তুলে
তাতে নাবিক মৃদুহাসে
এই পৃথিবীটা আরেকটু উষ্ণ হতে পারতো..